দৈনিক বাংলা

তারিখ 01 JUN 1990
পৃষ্ঠা ... ৫২ ... কলাম ... ৫

৪

03

### বিশ্ববিদ্যালয়ের ২৪ কোটি টাকার বাজেট গৃহীত

# রাজশাহীতে ৪৮ জন ছাত্র নেতার বিরুদ্ধে মামলা প্রত্যাহারের সিদ্ধান্ত

(বিশ্ববিদ্যালয় সংবাদদাতা)

রাজশাহী, ৩০শে মে।– আগামী অর্থ বছরে (৯০–৯১) রাজশাহী বিশ্ববিদ্যালয়ের জন্য ২৪ কোটি ৪৪ লাখ ৮ হাজার টাকার বাজেট গৃহীত হয়েছে।

গত শনিবার বিশ্ববিদ্যালয় সিনেটের অধিবেশনে উক্ত বাজেট গৃহীত হয়। এছাড়া ছাত্র নেতাদের বিরুদ্ধে মামলা প্রত্যাহারের সিদ্ধান্ত নেয়া হয়।

বাজেটের ৮৮ ভাগ পাওয়া যাবে সরকারী মঞ্জুরী হিসাবে। অবশিষ্ট ১২ ভাগ বিশ্ববিদ্যালয়ের নিজস্ব খাত থেকে আয় দেখানো হয়েছে।

তার আগে সিনেট সভাপতি ভাইস চ্যান্সেলর প্রফেসর আমানুল্লাহ আহমদ উদ্বোধনী ভাষণে বলেন, অর্থনৈতিক কারণেই দেশের দ্বিতীয় বৃহত্তম শিক্ষা কেন্দ্রের পূর্ণ বিকাশ আজো সম্ভব হয়নি। ছাত্র সংখ্যার অনুপাতে অর্থ মঞ্জুরি না বাড়ায় ছাত্র-শিক্ষক সর্বনিম্ন আনুপাতিক হার আবাসিক ও পরিবহণ সমস্যা, শিক্ষকদের কক্ষের অভাব প্রভৃতি নানা সমস্যায় এই প্রতিষ্ঠান জর্জরিত।

তিনি বলেন, উচ্চ শিক্ষার পরিবেশ অব্যাহত হওয়ার স্বার্থে এসব সমস্যার সমাধান হওয়া উচিত।

সিনেটের এই অধিবেশনে সিনেটে রেজিস্টার্ড গ্রাজুয়েট প্রতিনিধি নির্বাচন পদ্ধতির সংশোধনী আনা হয়। এছাড়া সিন্ডিকেটের ২ জন সদস্য নির্বাচন করা হয়। নির্বাচিতরা হলেন–শিক্ষাবিদ এডভোকেট মোঃ মহসীন ও রেজিস্টার্ড গ্রাজুয়েট প্রতিনিধি শামসুল হক কেরায়ণী।

দ্বিতীয় দিনের অধিবেশনে সাবেক ছাত্র সংগ্রাম পরিষদভুক্ত বিভিন্ন সংগঠনের ৪৮ জন ছাত্র নেতার বিরুদ্ধে দায়েরকৃত মামলা প্রত্যাহারের জন্য একটি প্রস্তাব গৃহীত হয় এ ব্যাপারে দ্রুত ব্যবস্থা গ্রহণের জন্য বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষকে অনুরোধ করা